

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৩

১/ পবিত্রতা (الله عن رسول الله عن الله عن الله عن الله عن رسول الله عن الله

পরিচ্ছেদঃ উযুর পর রুমাল ব্যবহার করা

باب مَا جَاءَ فِي التَّمَنْدُلِ بَعْدَ الْوُضُوءِ

আরবী

حَدَّثَنَا سُفْيَانُ بْنُ وَكِيعِ بْنِ الْجَرَّاحِ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ، عَنْ زَيْدِ بْنِ حُبَابٍ، عَنْ أَبِي مُعَاذٍ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُرْوَةً، عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم خِرْقَةٌ يُنَشِّفُ بِهَا بَعْدَ الْوُضُوءِ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ لَيْسَ بِالْقَائِمِ وَلاَ يَصِحُ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي هَذَا الْبَابِ شَيْءٌ. وَأَبُو مُعَاذٍ يَقُولُونَ هُو سُلَيْمَانُ بْنُ أَرْقَمَ وَهُوَ ضَعِيفٌ عِنْدَ أَهْلِ الْحَدِيثِ. قَالَ وَفِي الْبَابِ عَنْ مُعَاذٍ بْنِ جَبَلٍ.

বাংলা

৫৩. সুফইয়ান ইবনু ওয়াকী ইবনু জাররাহ (রহঃ) আয়িশারাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এক খন্ড কাপড় ছিল। এটি দিয়ে তিনি উযূ (ওজু/অজু/অযু) করার পর পানি মুছতেন।

ইমাম আবূ ঈসা তিরমিয়ী বলেন, এই বিষয়ে আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত হাদিসটিও প্রতিষ্ঠিত নয়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এই বিষয়ে সহীহ কোন বর্ণনা নেই। আয়িশা রাদিয়াল্লাহু আনহা বর্ণিত হাদিসটির রাবী আবূ মু'আয সম্পর্কে হাদিস বিশারদগণ বলেন, ইনি হলেন সুলায়মান ইবনু আরকাম। তিনি হাদীস বিশারদগণের নিকট দূর্বল। এই বিষয়ে মু'আয ইবনু জাবাল রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। - তিরমিজী হাদিস নম্বরঃ ৫৩ [আল মাদানী প্রকাশনী]

English

Aishah narrated:

"Allah's Messenger had a cloth that he would use to dry off with after Wudu."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন